

💵 হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ হাদিসে কুদসি রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হাদিসে কুদসির উপর লিখিত গ্রন্থসমূহ

হাদিস রচনার স্বর্ণযুগে স্বতন্ত্রভাবে কেউ হাদিসে কুদসি লিপিবদ্ধ করেননি। তারা হাদিসের উপর লিখিত গ্রন্থসমূহে বিভিন্ন অধ্যায়ের অধীন হাদিসে কুদসি লিপিবদ্ধ করেছেন। পরবর্তী যুগে কতক আলেম হাদিসে কুদসি স্বতন্ত্র কিতাবে লিপিবদ্ধ করেন, যেমন:

- ১. আবু আব্দুল্লাহ মুহাম্মদ ইব্ন আলি ইব্ন আল-আরাবি আত-ত্বায়ি (মৃ.৬৩৮হি.), তার রচিত গ্রন্থের নাম: مشكاة الأنوار فيما روى عن الله سبحانه من الأخبار
- ২. আল্লামা নুরুদ্দিন আলি ইব্ন মুহাম্মদ ইব্ন সুলতান (মৃ.১০১৪হি.), যিনি 'মোল্লা আলি আল-কারি' নামে প্রসিদ্ধ, তিনি হাদিসের ছয় কিতাব থেকে চল্লিশটি হাদিসে কুদসি একসাথে জমা করেছেন এবং প্রত্যেক হাদিসের সূত্র উল্লেখ করেছেন। তার রচিত কিতাবের নাম: لأحاديث القدسية الأربعينية
- ৩. শারখ মুহাম্মদ ইব্ন সালেহ আল-মাদানি (মৃ.১২০০হি.) হাদিসে কুদসির উপর সর্ববৃহৎ কিতাব লিখেন, তার কিতাবের নাম: الإتحافات السنية في الأحاديث القدسية
- এতে তিনি (৮৬৪)টি হাদিসে কুদসি জমা করেন, যার অধিকাংশ তিনি ইমাম সূয়ূতি রচিত جمع الجوامع গ্রন্থকে সংগ্রহ করেছেন।
- لجنة القرآن الكريم والحديث بالمجلس الأعلى للشؤون الإسلامية بمصر .8

কর্তৃক নির্দেশ প্রাপ্ত হয়ে একদল লেখক হাদিসের ছয় কিতাব ও মুয়ান্তা ইমাম মালিক থেকে (৪০০)টি হাদিসে কুদসি বাছাই করেন, তাতে টিকা সংযোজন করেন এবং প্রয়োজনীয় ব্যাখ্যা যুক্ত করেন, তাদের রচিত কিতাবের নাম: الأحاديث القدسية

৫. শারখ মুস্তফা আদাবি (১৮৫)টি সহি ও হাসান হাদিসে কুদসি জমা করেন, তার কিতাবের নাম: الصحيح

Source — https://www.hadithbd.com/books/link/?id=8416

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন